

ভর্তির অন্যান্য তথ্য

আবেদনের ন্যূনতম যোগ্যতা-

বিজ্ঞান: জিপিএ-৪.৫০

ব্যবসায় শিক্ষা: জিপিএ-৪.০০

মানবিক: জিপিএ-৩.৫০

শুধুমাত্র ২০১৭, ২০১৮ এবং ২০১৯ সালে এসএসসি/দাখিল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে শুধুমাত্র ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

১২ মে থেকে ২৩ মে ২০১৯ ইং পর্যন্ত ভর্তির জন্য আবেদন করা যাবে

ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ এবং মাইগ্রেশন:

৩টি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে এবং সর্বোচ্চ ২বার মাইগ্রেশন করার সুযোগ দেয়া হবে।

১ম পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণ:

একজন শিক্ষার্থী তার আবেদনের সময় দেয়া কলেজ পছন্দক্রম ও এসএসসি / সমমান পরীক্ষার ফলাফল, কোটা ইত্যাদির ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই সিলেকশন পাবে।

নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ড রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৯৫/- টাকা জমা দিয়ে নির্বাচিত কলেজে প্রথমিক ভর্তি নিশ্চয়ন করবে। উক্ত শিক্ষার্থী ইচ্ছা করলে রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার পর কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) জন্য অপশন দিতে পারবে এবং এক্ষেত্রে কলেজ পছন্দক্রম পরিবর্তনও করতে পারবে। উল্লেখ্য যে, প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই ১৯৫/- টাকা জমা দিয়ে ভর্তি নিশ্চয়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন ও আবেদন বাতিল হবে। এমন শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য আবেদন ফি জমা দিয়ে নতুন আবেদন করতে পারবে।

যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতোপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা সাপেক্ষে আবেদন করতে পারবে।

২য় পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণ:

মাইগ্রেশনের জন্য আবেদনকৃত একজন শিক্ষার্থীকে তার চাহিত কলেজে আসন খালি থাকা সাপেক্ষে এবং মেধাক্রমের ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই মাইগ্রেট করা হবে এবং নতুন আবেদনকৃত শিক্ষার্থীদেরকে প্রথম পর্যায়ের মত একইভাবে কলেজে সিলেকশন দেয়া হবে।

এক্ষেত্রেও নতুন সিলেকশন পাওয়া শিক্ষার্থী নিজেই বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৯৫/- টাকা অনলাইনে জমা দিয়ে নির্বাচিত কলেজে প্রাথমিকভাবে ভর্তি নিশ্চয়ন করবে। ১ম পর্যায়ে যারা বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৯৫/- টাকা জমা দিয়ে প্রথমিক ভর্তি নিশ্চয়ন করেছিল, তাদের আর এই ফি জমা দিতে হবে না।

এ পর্যায়েও প্রাথমিক নিশ্চয়নকারী শিক্ষার্থী ইচ্ছা করলে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার পর কলেজ পরিবর্তন (মাইগ্রেশন) অপশন দিতে পারবে এবং এক্ষেত্রে কলেজ পছন্দক্রম পরিবর্তনও করতে পারবে।

যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতোপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা সাপেক্ষে আবেদন করতে পারবে।

৩য় পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণ:

এ পর্যায়েও একই পদ্ধতিতে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে এবং শিক্ষার্থী একইভাবে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৯৫/- টাকা অনলাইনে জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করবে। ১ম অথবা ২য় পর্যায়ে যারা বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৯৫/- টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছিল তাদের আর এই ফি জমা দিতে হবে না।

চূড়ান্ত ফলাফল প্রকাশ:

ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে SMS এর মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS এ একটি গোপনীয় Security Code প্রদান করা হবে। এই Security Code টি ভর্তির নিশ্চায়নের জন্য সংরক্ষণ করতে হবে। এছাড়াও শিক্ষার্থীরা ভর্তির ওয়েবসাইট <http://xiclassadmission.gov.bd> থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

কলেজে ভর্তি:

নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট কলেজে প্রেরণ করা হবে। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী কলেজে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগপত্র ও অনুমোদিত ফি জমা দিয়ে ভর্তি হবে এবং কলেজ শিক্ষার্থীর Security Code ব্যবহার করে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।

আবেদন, ফলপ্রকাশ, ভর্তি ও ক্লাস শুরুর সময়সূচি:

| বিষয় | তারিখ |
|--|-------------------------------|
| ভর্তির জন্য অনলাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ১২/০৫/২০১৯ থেকে ২৩/০৫/২০১৯ |
| আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ২৪/০৫/২০১৯ থেকে ২৬/০৫/২০১৯ |
| শুধুমাত্র পুনঃনিরীক্ষনে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ০৩/০৬/২০১৯ থেকে ৪/০৬/২০১৯ |
| পছন্দক্রম পরিবর্তনের সময় | আবেদনের তারিখ থেকে ০৫/০৬/২০১৯ |
| ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১০/০৬/২০১৯ |
| শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ১ম পর্যায়ের সিলেকশন এবং আবেদন বাতিল হবে।) | ১১/০৬/২০১৯ থেকে ১৮/০৬/২০১৯ |
| ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ১৯/০৬/২০১৯ থেকে ২০/০৬/২০১৯ |
| পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফলপ্রকাশ | ২১/০৬/২০১৯ |
| ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২১/০৬/২০১৯ |
| ২য় পর্যায়ের শিক্ষার্থীদের সিলেকশন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ২য় পর্যায়ের সিলেকশন এবং আবেদন বাতিল হবে।) | ২২/০৬/২০১৯ থেকে ২৩/০৬/২০১৯ |
| ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ২৪/০৬/২০১৯ |
| পছন্দ অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ২৫/০৬/২০১৯ |
| ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৫/০৬/২০১৯ |
| ৩য় পর্যায়ের শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ৩য় পর্যায়ের সিলেকশন এবং আবেদন বাতিল হবে।) | ২৬/০৬/২০১৯ |
| ভর্তি | ২৭/০৬/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯ |
| ক্লাস শুরু | ১ জুলাই, ২০১৯ |